

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৮.২২-৯৯৪

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

বিষয়: রিট পিটিশন নং ১৫২৭/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ  
দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৫২৭/২০২২-এর ১৩/০২/২২ খ্রিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার দুপচাঁচিয়া পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: ইদ্রীস আলী-কে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করায় তিনি স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ০৩/০১/২০২২ তারিখের ১৪নং স্মারককে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১৫২৭/২০২২ দায়ের করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, বগুড়া।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫২৭/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১২-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৮.২২-৯৯৪/১(৪)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব